

For us, August 15 holds a special significance...

by Narendra Modi 14. August 2009 21:12

বন্ধুরা,

আগস্ট মাস মানে সংগ্রামের মাস।

আগস্ট মাস মানে উৎসব, মেলা ও পার্বণের মাস,

তবে...

আমাদের কাছে 15ই আগস্টের মহত্ব সবচেয়ে বেশি কেননা এই দিনে কয়েক শ' বছরের পুরানো দাসত্বের শৃংখল ভেঙে আমাদের দেশ স্বাধীন হয়েছিল।

আমরা স্বাধীন হয়েছি, যার আনন্দ আজ আমরা সবাই অনুভব করছি। আমরা সবাই সেই স্বাধীনতার কারণে আজ নিজেদের মতামতগুলিকে অন্যের সাথে স্বাধীনভাবে ভাগ করে নিতে পারছি। আমাদের কাছে স্বাধীনতা এনে দেওয়া সেইসব বীরদের নমস্কার করে শ্রদ্ধা জানানোর এটাই সুযোগ।

বন্ধুগণ, আজ আমার হৃদয় স্পর্শকারী একটি অভিজ্ঞতা আপনাদের সাথে ভাগ করে নিতে চাই।

স্বাধীন ভারতের শ্রীনগরে আজও দেশের জাতীয় পতাকা ওড়ানোর অর্থই হ'ল নিজের মৃত্যুকে ডেকে আনা, দেশের শত্রুরা এমনই এক পরিস্থিতি তৈরি করেছে।

জঙ্গিরা শ্রীনগরের লালচকে আমাদের জাতীয় পতাকা স্থালিয়ে দিত। আমাদের তেরঙাকে জুতোর নিচে ফেলে পিস্তল এবং এর সঙ্গে কোটি কোটি মানুষের আস্থাতে আঘাত করত, এমনই এক ভয়ংকর সময়ে 1991-92 সালে শ্রীনগরের লালচকে তেরঙা পতাকা ওড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়।

1992 সালের 26শে জানুয়ারী শ্রীনগরের লালচকে তেরঙা ওড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয় ও এর সঙ্গে কন্যাকুমারিকা থেকে কাশ্মীর পর্যন্ত তেরঙা নিয়ে একতা যাত্রা শুরু হয়। আমার খুব ভাগ্য ভাল যে বিজেপি এই কাজ সাফল্যের সাথে সম্পূর্ণের জন্য আমায় গুরুত্বপূর্ণ দায়িত্ব দিয়েছিল। এই একতা যাত্রার সময় আমার হৃদয় ছুঁয়ে যাওয়া একটি ঘটনার সাক্ষী থেকে ছিলাম আমি।

যখন একতা যাত্রার রথ নিয়ে আমরা তামিলনাড়ু দিয়ে যাচ্ছিলাম, তখন কৃষিজমিতে কাজ করা এক গরিব চাষী, পরণে শুধু একটা লুঙ্গি, সে হঠাৎই রথ দেখে একদম দৌড়ে রাস্তার উপর চলে আসেন। আর সে আমাদের কনভয় আটকানোর চেষ্টা করতে লাগলেন। এরপর আচমকা রাস্তার একদম মাঝে এসে আমাদের যাত্রা আটকাতে বাধ্য করেছিলেন।

যখন রথ থেমে গেল...

তখন আমাদের কনভয়ও থেমে গেল...

চোখে এক অদ্ভুত আনন্দ নিয়ে সেই কৃষক আমাদের কাছে এলেন এবং তিনি আমার হাতে 11 টাকা দিয়েছিলেন এবং রথকে খানিকক্ষণ ধরে এমনভাবে টানতে লাগলেন, যেন তিনি আমাদের প্রয়াসকে সেলাম জানাচ্ছেন এবং তারপর তিনি নিজের তামিল ভাষায় কিছু বললেন।

তাঁর কথার অর্থ, আমাদের এক তামিল সাথী জানিয়েছিলেন। জাতীয়তাবাদে ভরা তাঁর কথার অর্থ ছিল যে শ্রীনগরের লালচক পর্যন্ত আপনাদের সঙ্গে আমি যেতে পারব না তবে আমার হয়ে আপনি আরেকটি তেরঙা শ্রীনগরের লালচকে ওড়াবেন। সেই দিন কৃষকের সেই ভাবনা ভারতের স্বাধীনতার উজ্জ্বল ভবিষ্যত আমায় দর্শন করিয়েছিল।

বন্ধুরা, দেশের শত্রু জঙ্গিদের গোলাগুলি বর্ষণের মধ্যে শ্রীনগরের লালচকে গৌরবে ভরা তেরঙা উড়িয়ে আমি যতটা আনন্দ পেয়েছিলাম, ঠিক গরীব কৃষকের প্রচণ্ড দেশভক্তি দেখে ঠিক ততটাই গর্ব হয়েছিল।

আপনাদের সবাইকে স্বাধীনতার এই পর্বে অনেক শুভকামনা...

আপনাদের

নরেন্দ্র মোদী